সমকাল

তারিখ ২১ DEC 2017
পৃষ্ঠা ৭ কলাম ৩

বেতাগীতে প্রশ্নপত্র ফাঁস

# গণিত বিষয়ের স্থগিত পরীক্ষা আজ

■ বেতাগী (বরগুনা) প্রতিনিধি

বেতাগীতে প্রশ্নপত্র ফাঁস হওয়ার ঘটনায় উপজেলার ১৪০টি সরকারি-বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ের গণিত বিষয়ের স্থগিত সমাপনী পরীক্ষা আজ বৃহস্পতিবার অনুষ্ঠিত হবে। কঠোর গোপনীয়তার মধ্য দিয়ে পরীক্ষার প্রশ্নপত্র সরবরাহ ও পরীক্ষা অনুষ্ঠানের ব্যবস্থা নেওয়া হয়েছে বলে উপজেলা প্রাথমিক শিক্ষা অফিস সূত্র জানিয়েছে।

সামাজিক যোগাযোগমাধ্যম ফেসবুকে গত শুক্রবার রাতে দ্বিতীয় শ্রেণির গণিত বিষয়ের পরীক্ষার প্রশ্নপত্র ফাঁসের গুঞ্জন ছড়িয়ে পড়ায় বরগুনা জেলা প্রাথমিক শিক্ষা অফিস উপজেলার সব বিদ্যালয়ের গণিত বিষয়ের বার্ষিক পরীক্ষা স্থগিত করার পর ওই দিনই পরীক্ষা অনুষ্ঠানের নতুন সময়সূচি ঘোষণা করে। সে অনুযায়ী একটি পৌরসভাসহ উপজেলার সাতটি ইউনিয়নে ১২৭টি সরকারি ও ১৩টি কিন্ডারগার্টেন ও বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ে আজ একযোগে পরীক্ষা নেওয়া হবে। উপজেলা প্রাথমিক শিক্ষা অফিস সূত্র জানায়, সংশ্লিষ্ট কর্মকর্তাদের হেফাজতে রেখে বার্ষিক পরীক্ষার কেন্দ্র সচিব ও প্রতিষ্ঠানের প্রধানের কাছে নতুন তৈরি করা প্রশ্নপত্র সরবরাহের ব্যবস্থা নেওয়া হয়েছে। উল্লেখ্য, গত রোববার ওই পরীক্ষা গ্রহণের কথা ছিল।

বেতাগী উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা (ভারপ্রাপ্ত) ও সমাপনী পরীক্ষার পরিচালনা কমিটির সদস্য সচিব আবদুস সালাম জানান, নতুন করে আর কোনো অনাকাঙ্ক্ষিত ঘটনা না ঘটতে পারে, সে জন্য কঠোর গোপনীয়তার মধ্য দিয়ে পরীক্ষার প্রশ্নপত্র সরবরাহ এবং পরীক্ষা অনুষ্ঠিত হবে।